

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৬

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৩. ভুলবশত: হত্যার দিয়াত গ্রহণের ক্ষেত্রে এর পরিমাণ কত হবে

بَابِ كَيْفَ الْعَمَلُ فِي أَخْذِ دِيَةِ الْخَطَإِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ حَجَّاجٍ عَنْ زَيْدِ بْنِ جُبَيْرٍ عَنْ خِشْفِ بْنِ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَعَلَ الدِّيَةَ فِي الْخَطَإِ أَخْمَاسًا

বাংলা

২৪০৬. আব্দুলাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, ভুল বশতঃ হত্যার দিয়াতের ক্ষেত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঁচ প্রকারের উট নির্ধারণ করেছেন।[1] (সেগুলি হলো: দ্বিতীয় বর্ষে উপনীত বিশটি মাদি উট ও বিশটি নর উট এবং তৃতীয় বর্ষে উপনীত বিশটি মাদী উট, চতুর্থ বর্ষে উপনীত বিশটি মাদী উট এবং পঞ্চম বর্ষে উপনীত বিশটি মাদী উট।)

ফুটনোট

[1] তাহকীক: এর সন্দ যয়ীফ, হাজ্জাজ বিন আরতাহ এর দুর্বলতার কারণ।

তাখরীজ: আহমাদ ১/৩৮৪; বাইহাকী, দিয়াত ৮/৭৫।

তবে এটির ব্যাখ্যাসহ বর্ণনা করেছেন, আহমাদ ১/৪৫০; আবূ দাউদ, দিয়াত, ৪৫৪৫; তিরমিযী, দিয়াত ১৩৮৬; বাইহাকী, দিয়াত ৮/৭৫; নাসাঈ, কুবরা নং ৭০০৫; ইবনু মাজাহ, দিয়াত ২৬৩১; দারুকুতনী ৩/১৭৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন